# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ১৪ অক্টোবর-ডিসেম্বর, ২০২০খ্রি.


## বুনিয়াদি রিফ্রেশার্স কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের সচিবগণের জন্য ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের পাশাপাশি বুনিয়াদি রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে আসছে। রাজস্ব অর্থায়নে এই কোর্সটি বাস্তবায়িত হয়েছে। গত ০৩ হতে ২৯ অক্টোবর, ২০২০ তারিখে ০৩ (তিন) ব্যাপী কোর্সটিতে উপস্থিত অংশগ্রহণকারীর সংখ্যা ছিল প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ৪৫০ জন এবং কোর্সের সংখ্যা ছিল ১৫ (পনের)টি। ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য বুনিয়াদি রিফ্রেশার্স কোর্স (ব্যাচ নং ২ হতে ৩৫) আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ কোর্সটির প্রতিটি ব্যাচ ভার্চুয়াল প্রশিক্ষণ (জুম এ্যাপস্ এর মাধ্যমে বাস্তবায়ন করা হয়। কোর্সটি বাস্তবায়নের জন্য নিম্নরূপ কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হয়েছিল এতে কোর্স পরিচালকদের মধ্যে ছিলেন, জনাব মো: শফিকুল ইসলাম, যুগ্ম পরিচালক (প্রশাসন ও সমন্বয়), জনাব মো: শফিকুল ইসলাম, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মো. আবদুল খালেক, উপপরিচালক, জনাব কানিজ ফাতেমা, উপপরিচালক, জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, জনাব এ জেহাদ সরকার, সহকারী পরিচালক, জনাব মো: ওমর ফারুক পারভেজ, সহকারী পরিচালক, জনাব সাজিয়া আফরোজ, উপপরিচালক, এবং কোর্স সমন্বয়কদের মধ্যে ছিলেন জনাব মো: মতিউর রহমান, গ্রন্থাগারিক, জনাব মো: নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, জনাব মো: আবু এখতিয়ার হাশেমী, সহকারী গ্রন্থাগারিক, জনাব মতি আহমেদ, সহকারী গবেষণা কর্মকর্তা, জনাব নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা ও জনাব মো: মাহফুজার রহমান সহকারী গবেষণা কর্মকর্তা, প্রমুখ।

## বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের মধ্যে ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করে আসছে। গত ০৫ অক্টোবর হতে ০৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত মাস ব্যাপী ৫৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটির উদ্দেশ্য হলো সচিবগণের সক্ষমতা ও কর্মদক্ষতা বৃদ্ধি। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও মেধাকে কাজে লাগিয়ে প্রতিটি ইউনিয়ন পরিষদ উন্নততর বাংলাদেশ বিনিমার্ণে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সমর্থ হয়। প্রশিক্ষণ কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্মপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) ও জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, জনাব মোঃ আবু এখতিয়ার হাশেমী, সহকারী গ্রন্থাগারিক ও জনাব মোঃ মাহফুজার রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা। কোর্সটিতে ৯ (নয়) টি জেলার (নওগাঁ, কুড়িগ্রাম, গাইবান্ধা, বান্দরবান, খাগড়াছড়ি, নাটোর, পঞ্চগড়, মাদারীপুর ও রংপুর) মোট ৪০ জন ইউপি সচিব অংশ-গ্রহণ করেন। উদ্বোধনী, ও সমাপন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও এনআইএলজি'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জনাব তপন কুমার কর্মকার।



প্রশিক্ষণার্থীদের আগমনে ফুল দিয়ে বরণ



ব্রিফিং সেশন

গত ১২ নভেম্বর হতে ১২ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত মাস ব্যাপী ৫৬তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সের উদ্বোধনীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও এনআইএলজি'র মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব মরণ কুমার চক্রবর্তী, বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন), সভাপতির আসনে ছিলেন জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ)। কোর্সটির উদ্দেশ্য হলো সচিবগণের দৈনন্দিন রুটিন কাজ ছাড়াও উন্নয়নমূলক, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ড এবং জনকল্যাণে কাজ করার জন্য দক্ষতা বৃদ্ধি করা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা, বিশ্বাসযোগ্যতা এবং জনকল্যাণমূখী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার প্রয়াসে নিজেদের মেধা দিয়ে ইউনিয়ন পরিষদকে অধিকতর কার্যকর ও জনবান্ধবমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। প্রশিক্ষণ কোর্স লব্ধ জ্ঞান এবং নিজেদের মেধা দিয়ে ইউনিয়ন পরিষদকে অধিকতর কার্যকর ও জনবান্ধকমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা। প্রশিক্ষণ কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়) এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব জনাব মোঃ আবু এখতিয়ার হাশেমী, সহকারী গ্রন্থাগারিক এবং জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা। কোর্সটিতে ১২ (বার)টি জেলার (জামালপুর, মানিকগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, মেহেরপুর, চুয়াডাঙ্গা, গাইবান্ধা, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, খুলনা, ময়মনসিংহ, বান্দরবান, ও পটুয়াখালী) মোট ৪০ জন ইউপি সচিব অংশগ্রহণ করেন।

## আইন-শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা



**প্রশিক্ষণান্তে পরীক্ষায় ভালো ফলাফলের পুরস্কার গ্রহণ**

রাজস্ব অর্থায়নে এনআইএলজি কর্তৃক উপজেলা প্রশাসনের সহায়তায় উপজেলা পর্যায়ে গ্রাম এলাকায় বসবাসকারী জনসাধারণকে বিভিন্ন সেবা প্রদান এবং স্থানীয় জনশৃঙ্খলা রক্ষার্থে "আইন-শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা" শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ সেশনটিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখযোগ্য ছিল, গ্রাম পুলিশ বাহিনী: প্রেক্ষাপট, ইতিহাস ও আইনগত ভিত্তি এবং ইউনিয়ন পরিষদের কাঠামো, গ্রাম পুলিশ বাহিনীর চাকরির শর্তাবলী ও সুবিধাদি, গ্রাম পুলিশ বাহিনীর আচরণ, শৃংখলা, দায়িত্ব, কার্যাবলী, গ্রাম আদালত কার্যক্রম পরিচালনায় গ্রাম পুলিশ বাহিনীর ভূমিকা, যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ, নারী ও শিশু পাচাররোধ, জন্ম-মৃত্যু নিবন্ধন ও স্যানিটেশন কার্যক্রম, পরিবেশ সংরক্ষণ ও দুর্যোগ ব্যবস্থাপনা, সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও প্রতিবন্ধদের কল্যাণে গ্রাম পুলিশ বাহিনীর ভূমিকা, তথ্য প্রাপ্তির অধিকার ইত্যাদি।

অক্টোবর হতে ডিসেম্বর,২০২০ পর্যন্ত সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া এ ৩ (তিন) জেলায় মোট ৩০টি উপজেলায় প্রশিক্ষণ প্রদান করেন জনাব মোঃ বোরহানউদ্দিন ভূঞা, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন), জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়), জনাব মোঃ শফিকুল ইসলমা, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মো: আব্দুর রশীদ, যুগ্ম পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), জনাব মোঃ আবদুল খালেক, উপপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মোঃ আলমগীর কবির, উপপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব কানিজ ফাতেমা, উপপরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), জনাব মো: মঈনুল হোসেন,সহকারী পরিচালক, জনাব এ জেহাদ সরকার, সহকারী পরিচালক, জনাব মো: ওমর ফারুক পারভেজ, সহকারী পরিচালক, জনাব মো: মতিউর রহমান, গ্রন্থাগারিক, জনাব মো: নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, জনাব মো: আবু এখতিয়ার হাশেমী, সহকারী গ্রন্থাগারিক, জনাব মনিকা মিত্র, গবেষণা কর্মকর্তা, জনাব মো: ইমরানুর রহমান, গবেষনা কর্মকর্তা, জনাব নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা, জনাব মতি আহমেদ, সহকারী গবেষণা কর্মকর্তা প্রমুখ ৫৮টি ব্যাচে ২৪৯৪ জন গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণ প্রশিক্ষণটিতে অংশগ্রহণ করেন।

## ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা কোর্স

ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য "ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা" বিষয়ক ৫ দিন ব্যাপী কোর্সটিতে ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণ অংশগ্রহণ করেন। কোর্সটির উদ্দেশ্য ছিল ইউনিয়ন পরিষদ আইন-কানুন, বিধি-বিধান ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে অবহিতকরণ এবং এর মূল বিষয়বস্তুগুলো হলো স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯; স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১; ইউনিয়ন পরিষদ (হিসাবরক্ষণ ও নিরীক্ষা) বিধিমালা, ২০১২; ইউনিয়ন পরিষদ (বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং এতদসংক্রান্ত অন্যান্য বিধিমালা) বিধিমালা, ২০১৬; ইউনিয়ন পরিষদ (কর) বিধিমালা, ১৯৬০; ইউনিয়ন পরিষদ কর নিরূপণ ও আদায় কৌশল, আদর্শ কর তফসিল, ২০১৩; ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা) বিধিমালা, ২০১৩, গ্রাম আদালত আইন, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫; সরকারি ক্রয় আইন, ২০০৬ এবং সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮; জন্ম-মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এবং বিধিমালা ২০১৮; ফাইলিং, ফাইলের কাঠামো প্রকারভেদ, ফাইলের শ্রেণিকরণ ও বিনষ্টকরণ, নতুন ফাইল খোলার নিয়মাবলী, রেজিস্টার ও ফাইল সংরক্ষণ, নোট লিখন, নোটের উদ্দেশ্য, কৌশল, আদর্শ নোটের গুনাবলী, নোট উপস্থাপন, নোটের লক্ষণীয় বিষয়, সরকারি আইন, ২০০৬ এবং সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮, ইউনিয়ন পর্যায়ে সামাজিক নিরাপত্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও দারিদ্র বিমোচন কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সুশাসন ও কম্পিউটার এর ধারণা: সিটিজেন চার্টার,এপিএ, আরটিআই, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ই-মেইল, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব, হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কাজের সমন্বয়, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এর অরগানোগ্রাম পর্যালোচনা ও ইউনিয়ন পরিষদ ও উপজেলার এর সমন্বয়, 'আমার গ্রাম আমার শহর' এর ধারণা এবং করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য সুরক্ষার কৌশলসমূহ ইত্যাদি বিষয়গুলো অন্তর্ভুক্ত ছিল। এই প্রশিক্ষণ কোর্সটিতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ১৫০ জন।



## শিশু কেন্দ্রীক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

ইউনিসেফ বাংলাদেশ এর সংস্থার অর্থায়নে বাস্তবায়িত শিশু কেন্দ্রীক পরিকল্পনা ও বাজেট প্রণয়ন বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। ১-৩০ নভেম্বর, ২০২০ তারিখে ০৮ (আট) টি কোর্সে ২৪০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণ কর্মসূচীর ৩ (তিন) টি সুনির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে, যথাঃ

ক) উপজেলা ও জেলা উন্নয়ন সভায় শিশুদের সমস্যা চিহ্নিতকরণপূর্বক তার সমাধান ও শিশুদের কল্যাণে করণীয় বিষয়গুলো নিয়ে নিয়মিত আলোচনা করা এবং শিশুদের জীবনমান উন্নয়ন পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা।

খ) স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা গ্রহণকল্পে আয়োজিত উন্মুক্ত ওয়ার্ড সভায় শিশুদের সমস্যাগুলো চিহ্নিত করে সমস্যা সমাধানের লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনায় তা অন্তর্ভুক্ত করে শিশু কল্যাণ ও শিশু উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা।

গ) কর্ম এলকায় শিশুদের জন্য কি ধরণের দুযোর্গজনিত ঝুঁকি রয়েছে তা নিরূপণ করা এবং তা মোকাবেলায় কী কী আগাম প্রস্তুতিমূলক কর্মসূচি নেয়া যায়, তা স্থানীয় উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা।

প্রশিক্ষণ কোর্সটিতে যে সকল বিষয়বস্তু নিয়ে আলোচনা হয় তা নিম্নে দেওয়া হলো: উন্নয়ন পরিকল্পনা: জাতীয় ও স্থানীয় পর্যায়, পরিস্থিতি বিশ্লেষণ ও সম্পদের চিত্রায়ণ, অনুশীল ও উপস্থাপন এবং মতামত প্রদান, স্থানীয় পর্যায়ে উর্ধ্বমুখী পরিকল্পনা, তথ্য-উপাত্ত নির্ভর শিশু কেন্দ্রীক উন্নয়ন, পরিকল্পনার প্রণয়ন, পরিকল্পনা ও বাজেট পর্যালোচনা অনুশীলন ও উপস্থাপন এবং মতামত প্রদান, বৈশ্বিক ও জাতীয় পরিকল্পনার সাথে উপজেলা পরিষদের পরিকল্পনা সম্পর্ক, ভবিষ্যত পরিকল্পনা ও বাজেটে শিশু কল্যাণ সংশ্লিষ্ট বিষয়গুলো অন্তর্ভুক্তকরণ: অনুশীলন, উপস্থাপন এবং মতামত প্রদান, পরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ, মূল্যায়ন এবং প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ ইত্যাদি। কোর্সটিতে ০৯(নয়) টি জেলার (শেরপুর, কক্সবাজার, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, সিরাজগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ) ও ১৮টি উপজেলার মোট ৯০ জন ইউপি সচিব অংশগ্রহণ করেন।

## সরকারি ক্রয় পদ্ধতি বিষয়ক কর্মশালা

সরকারি ক্রয় পদ্ধতি বিষয়ক কর্মশালায় বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ প্রশিক্ষণ গ্রহণ করেন। এটিতে কোর্সের সংখ্যা ২ (দুই) টি এবং ৫৫ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণটির বিষয়বস্তু ছিল পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮, সরকারি ক্রয় পদ্ধতি এবং দরপত্র প্রক্রিয়ার বিভিন্ন ধাপ, সরকারি ক্রয় ব্যবস্থাপনায় নির্বাচিত জনপ্রতিনিধিদের ভূমিকা, টেকসই উন্নয়ন এবং সরকারি ক্রয় কার্যক্রম, পেশাগত অসদাচরণ ও নিরীক্ষা কার্যক্রম ইত্যাদি।

## টি এন এ কর্মশালা

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সচিব ও কর নিরূপণ ও আদায়কারী স্থায়ী কমিটির সভাপতি এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, উপজেলা অফিস সুপার, প্রধান সহকারী, উপজেলা পরিষদ সিএ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ কর্মশালায় অংশগ্রহণ করেন। টি এন এ কর্মশালাটির কোর্স সংখ্যা ছিল ৩ (তিন) টি এবং ৫৯ জন প্রশিক্ষণার্থীর সমন্বয়ে কোর্সটি সম্পন্ন করা হয়।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের চতুর্দশ সংখ্যা পাঠকদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


## উপদেষ্টা

জনাব সালেহ আহমদ মোজাফফর, মহাপরিচালক

## সম্পাদকমন্ডলী

জনাব মোঃ মনিরুজ্জামান, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা - সদস্য
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮

ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com

ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট